

দৈনিক দ্য ডেইলি

আমাদের সময়

ঢাবি শিক্ষককে বিভাগীয় চেয়ারম্যান মারধর করায় শিক্ষার্থীদের ক্লাস বর্জন

প্রকাশ | ১৯ মার্চ ২০১৮, ০০:০০



বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনার এক শিক্ষককে বিভাগীয় চেয়ারম্যান মারধর করায় ক্লাস বর্জনের ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা। ঘটনার সুষ্ঠু ও ন্যায্যবিচারের দাবিতে বিভাগের শিক্ষার্থীরা গতকাল সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে মানববন্ধন করে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের ডাক দেয়। পরে উপাচার্য বরাবর একটি স্মারকলিপিও দেয় তারা।

মানববন্ধনে বক্তব্য দেন বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী নওশেরা শিরিন, কানিজ ফাতেমা, চতুর্থ বর্ষের আতিয়া নুর চৌধুরী, সাক্ষির হোসেন শুভ, আহমেদ রুবেল তানভীর, রাহাত, তৃতীয় বর্ষের শিশির, দ্বিতীয় বর্ষের শাহজালাল, বিভাগের সাবেক ছাত্র তৌহিদুর রহমান প্রমুখ।

শিক্ষার্থীরা বলেন, সম্প্রতি আমাদের বিভাগের চেয়ারম্যানের হাতে এক শিক্ষক লাঞ্ছনার শিকার হয়েছেন। তাতে আমরা হতবাক এবং ক্ষুব্ধ। এ ধরনের ঘটনায় আমরা লজ্জিত। এ ঘটনায় বিভাগের শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করেছেন। সুষ্ঠু ও ন্যায্যবিচার না হওয়া পর্যন্ত আমরাও অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করছি।

শিক্ষার্থীরা আরও বলেন, শিক্ষক হবেন শিক্ষার্থীদের রোলমডেল। শিক্ষার্থীরা শিক্ষকের কাছে শুধু পাঠগ্রহণই করেন না, তার কাছে শেখেন সমাজ ও দেশকে এগিয়ে নেওয়ার স্বপ্ন রচনা এবং সে স্বপ্ন বাস্তবায়নের কলাকৌশল। শিক্ষার্থীরা একজন আদর্শ শিক্ষকের কাছে কেবল ছাত্রই নন, তারা তার স্বপ্ন, সন্তানসন্ততি। তাদের মধ্য দিয়ে তিনি তার স্বপ্ন বাস্তবায়ন করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি